# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 04 April, 2025

চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় গত দুই দিনে (বৃহস্পতি ও শুক্রবার) পৃথক তিনটি সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত এবং কমপক্ষে আটজন আহত হয়েছেন।দুর্ঘটনাগুলোর মধ্যে দুটি ছিল সিএনজি অটোরিকশা ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ এবং অন্যটি ট্রাক নিয়ন্ত্রণ হারানোর ঘটনা।

সর্বশেষ দুর্ঘটনাটি ঘটে শুক্রবার (৪ এপ্রিল) বিকেলে উপজেলার ইসলামপুর ইউনিয়নের মগাছড়ি এলাকায় চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কে।একটি সিএনজি অটোরিকশা ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল আরোহী দিলীপ বড়ুয়া (৬০) ঘটনাস্থলেই নিহত হন।তিনি রাঙ্গামাটি কোতোয়ালি থানাধীন গর্জনতলীর বাসিন্দা সুবল বড়ুয়ার ছেলে।এ ঘটনায় সিএনজি অটোরিকশার দুই যাত্রী নয়ন (২০) ও নিলুপার (৫০) আহত হয়েছেন।তারা উভয়েই রাঙ্গামাটির লংগদুর বাসিন্দা।
রাঙ্গুনিয়া মডেল থানার এসআই সুমন কবির মৃধা ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।
থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুজন হালদার জানান, দুর্ঘটনা কবলিত সিএনজি অটোরিকশা ও মোটরসাইকেল জব্দ করে থানায় আনা হয়েছে এবং এ বিষয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

এর আগের দিন বৃহস্পতিবার (৩ এপ্রিল) সকাল আনুমানিক ১০টার দিকে উপজেলার পদুয়া ইউনিয়নের হরিহর-সারাশিয়া সড়কে আরেকটি মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।সেখানেও একটি সিএনজি অটোরিকশা ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়।এতে অটোরিকশার যাত্রী সাধন বড়ুয়া (৬৫) নিহত হন।তিনি দক্ষিণ রাঙ্গুনিয়া থানাধীন পদুয়া ইউনিয়নের হরিহর বড়ুয়াপাড়ার বাসিন্দা সুকান্ত বড়ুয়ার ছেলে।এই দুর্ঘটনায় অটোরিকশার আরও তিন যাত্রী চুনচুনি বড়ুয়া (৬৫), বিদু বড়ুয়া (৬৪), পারভীন আক্তার (৫৫) এবং মোটরসাইকেল চালক বখতেয়ার হোসেন (২১) গুরুতর আহত হন।পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, সংঘর্ষের তীব্রতা এতটাই বেশি ছিল যে দুটি বাহনই সড়ক থেকে ছিটকে পড়ে উল্টে যায়।

একই দিন বৃহস্পতিবার উপজেলার মরিয়মনগর-রানীরহাট ডিসি সড়কের ইসলামপুর ইউনিয়নের নেজামশা পাড়া এলাকায় একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে খাদে পড়ে যায়।এ ঘটনায় ট্রাকের চালক ও সহকারী (হেল্পার) আহত হয়েছেন।

এই তিনটি ঘটনায় গত দুই দিনে রাঙ্গুনিয়ার সড়কে মোট দুইজনের প্রাণহানি ঘটলো এবং আটজন আহত অবস্থায় বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন বলে জানা গেছে।ঘন ঘন দুর্ঘটনা ঘটায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে।

সড়ক দুর্ঘটনা হতাহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:56

URL: https://timestodaybd.com/chittagong/304649948